দৈনিক
ইনকিলাব

তারিখ 15 APR 2003
পৃষ্ঠা ৪ ... ৬

# ৩৭ দিন অচল ও উত্তপ্ত থাকার পর আজ শাবির কার্যক্রম শুরু হচ্ছে

শাহজালাল বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ দীর্ঘ ৩৭ দিনের অচলাবস্থা ও উত্তপ্ত পরিস্থিতির অবসানের মধ্য দিয়ে আজ (মঙ্গলবার) থেকে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম শুরু হচ্ছে। অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমানের সাথে আলোচনার পর আন্দোলনকারী লিয়াজোঁ কমিটি সকল কর্মসূচী স্থগিত করলে দীর্ঘ অচলাবস্থার অবসান ঘটে। উল্লেখ্য, শাবিতে অধ্যাপক এম শফিকুর রহমান ৩ মার্চ, ০২ ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদান করেন। বিগত ভিসির আমলে বাজেট বহির্ভূতভাবে লোক নিয়োগসহ কার্য পরিচালনার ফলে ২ কোটি ১২ লাখ টাকার বাজেট ঘাটতি নিয়ে নতুন ভিসিকে কাজ শুরু করতে হয়। অন্যদিকে সাবেক ভিসির সময়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও সরকারী নিষেধাজ্ঞা অমান্য করে ৬৩ জন শিক্ষককে নিয়োগ দেয়ায় মঞ্জুরি কমিশন নতুন করে শাবিতে নিষেধাজ্ঞা, জারি করে। এর ফলে নতুন ভিসি দায়িত্ব গ্রহণের পর নতুন কোন পদে নিয়োগদান কিংবা উচ্চতর পদেও কাউকে প্রমোশন দিতে পারেননি। তবে বাজেট ঘাটতি নিরসনের জন্য তিনি সরকারের বিভিন্ন পর্যায়ে যোগাযোগ করে বেশকিছু বরাদ্দ আদায়ে সক্ষম হন। তাছাড়া ভিসি এম শফিকুর রহমানের সবচেয়ে বড় সফলতা শেসন জট নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ। অথচ সাবেক ভিসির আমলে একের পর এক ছাত্র অসন্তোষের কারণে শাবিতে প্রায় ২১ মাসের সেশন জটের সৃষ্টি হয়েছিল। এমনি অবস্থার মধ্যে কতিপয় ব্যক্তি নিজেদের হীনস্বার্থে শাবিকে অচল করে দেয়ার ষড়যন্ত্রে মেতে ওঠে। এদের ইন্ধনেই শিক্ষক সমিতি ১০ দফা কর্মসূচী বাদ দিয়ে লিয়াজোঁ কমিটি গঠনের মাধ্যমে ভিসির পদত্যাগের দাবীতে একের পর এক ধ্বংসাত্মক কর্মসূচী দিতে থাকে।